তারিখ 29 DEC 2015
পৃষ্ঠা ২০ কলাম ৫

সমকাল

# ত্রিশালে বাসচাপায় দুই বিশ্ববিদ্যালয় ছাত্র নিহত

■ ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি

ত্রিশালে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের আসিফ ও মামুন নামে দুই ছাত্র নিহত হয়েছেন। দুর্ঘটনার পর দেড় ঘণ্টা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেন শিক্ষার্থীরা।

জানা গেছে, গতকাল সোমবার সন্ধ্যা ৭টার দিকে ত্রিশালে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের বিশ্ববিদ্যালয় বাইপাস মোড় এলাকায় নেত্রকোনাগামী শাহজালাল এন্টারপ্রাইজের একটি যাত্রীবাহী ■ পৃষ্ঠা ৪ : কলাম ৫

## ত্রিশালে বাসচাপায়

[শেষ পৃষ্ঠার পর]

বাসের (ঢাকা মেট্রো ব-১১-১০৯৭) সঙ্গে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেল আরোহী কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র মাহফুজুর রহমান আসিফ ঘটনাস্থলেই নিহত ও প্রথম বর্ষের ছাত্র আবদুল্লাহ আল মামুন ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে মারা যান। নিহত আসিফের বাড়ি ত্রিশালের মঠবাড়ি এবং মামুনের বাড়ি ময়মনসিংহ সদরের খাগডহর এলাকায় বলে জানা গেছে। পুলিশ ঘাতক বাসটি আটক করলেও চালক পালিয়ে গেছে। এ ঘটনার জের ধরে বিশ্ববিদ্যালয়ের বিক্ষুব্ধ শিক্ষার্থীরা প্রায় দেড় ঘণ্টা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে রাখেন।